অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রাত ৪টা থেকে জরুরি অবস্থা কার্যকর করার ঘোষণা করলেন যেহেতু শীতকালীন ঝড় এই সপ্তাহান্তে ডাউনস্টেট অঞ্চলগুলিতে ভারী তুষারপাত এবং ঝড়ো হওয়া নিয়ে আসবে বলে আশঙ্কা করা যাচ্ছে

ব্রঙ্কস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, পাটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, এবং কাউন্টিগুলিতে ওয়েস্টচেস্টার জরুরি অবস্থা ঘোষণা

শুক্রবার সন্ধ্যা থেকে শনিবার পর্যন্ত লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং মধ্য-হাডসন অঞ্চলে ভারী তুষারপাতের আশঙ্কা করা যাচ্ছে এবং NYC-তে 5 থেকে 10 ইঞ্চি তুষার জমা এবং লং আইল্যান্ডে 10 থেকে 16 ইঞ্চি তুষার জমা সম্ভব

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে এই সপ্তাহান্তে রাস্তা থেকে দূরে থাকতে সতর্ক করেছেন যাতে জরুরি সাড়াদান কর্মীরা নিরাপদে কাজ করতে পারে

লং আইল্যান্ড রেল রোড সকল শাখায় পরিষেবা বন্ধ রাখবে; সাফোক কাউন্টিতে তুষারঝড় সতর্কতা কার্যকর

শুক্রবার রাত থেকে লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে এবং পার্কওয়েতে গতি হ্রাস ও ট্রাক সীমা স্থাপন করা হবে যেহেতু বাতাসের বেগ ঘণ্টায় 55 মাইলের বেশি হতে পারে বলে আশঙ্কা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি জরুরি অবস্থা (State of Emergency) ঘোষণা করেছেন যা রাত ৪টা থেকে কার্যকর হবে, যেহেতু শুক্রবার সন্ধ্যায় একটি উপকূলীয় ঝড় ব্যবস্থার আঘাতের ফলে ডাউনস্টেটে ভারী তুষারপাত আশঙ্কা করা যাচ্ছে যার ফলে লং আইল্যান্ডের কিছু অংশে এক ফুটের বেশি তুষার এবং তীব্র বাতাস হতে পারে এবং নিউ ইয়র্ক সিটি ও লোয়ার হাডসন ভ্যালিতে 10 ইঞ্চি পর্যন্ত তুষার জমতে পারে। ঘণ্টায় 55 মাইল পর্যন্ত গতিবেগের দমকা হাওয়া কয়েকটি স্থানে ভ্রমণের অবস্থা বিপজ্জনক করে তুলতে পারে এবং বিদ্যুৎ বিভ্রাট ঘটার সম্ভাবনা রয়েছে।গভর্নর হোকল এইসব স্থানের নিউ ইয়র্কবাসীকে এই সপ্তাহান্তে রাস্তা থেকে থাকার পরামর্শ দিচ্ছেন যাতে যেকোনো বিপজ্জনক যাত্রা পরিস্থিতি এড়ানো যায় এবং জরুরি সাড়াদান কর্মীরা তাদের কাজ শেষ করতে পারে।

"অনেক বেশি সতর্ক থাকতে, আমি আজকে জরুরি অবস্থা ঘোষণা করছি যেহেতু ঝড়টি আজকে রাতে এবং শনিবারে বিপজ্জনক যাত্রা পরিস্থিতি, ভারী মাত্রার তুষারপাত এবং ঘণ্টায় 50 মাইলের বেশি বেগসহ দীর্ঘস্থায়ী বাতাস সৃষ্টি করবে বলে মনে হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আমার দল এবং আমি পূর্বাভাস নিবিড়ভাবে দেখছি এবং আমরা ডাউনস্টেট এলাকায় সাড়াদানে সহায়তা করার জন্য জরুরি সাড়াদান সম্পদ নিযুক্ত করছি। আজকে রাতে নিরাপদে বাড়ি ফিরুন, সপ্তাহান্তে বাড়িতে থাকুন, অপ্রয়োজনীয় যাত্রা এড়ান, এবং আমাদের কর্মীরা নিরাপদে রাস্তা পরিষ্কার করে ফেলবে।"

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আমরা ধারণা করছি যে ঝড়টি লং আইল্যান্ডে উল্লেখযোগ্য তুষারপাতের সৃষ্টি করবে এবং নিউ ইয়র্ক সিটিরও প্রভাবিত হওয়ার বাস্তব সম্ভাবনা রয়েছে, এবং তুষারপাতের হার ঘণ্টায় এক ইঞ্চির বেশি হতে পারে। স্টেটের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center) খুলে দেওয়া হয়েছে এবং নিবিড়ভাবে ঝড় পর্যবেক্ষণ করছে, কিন্তু আজকে রাতে নিউ ইয়র্কবাসীদের দ্রুত বাড়ি ফেরা এবং এই সপ্তাহান্তে ভারী তুষারপাত হবে বলে ধরে নেওয়া আমাদের জন্য প্রয়োজন। বিশেষ করে শনিবার যাত্রা এড়িয়ে চলা স্টেট ও স্থানীয় জরুরি সাড়াদান কর্মীদের বেশি আক্রান্ত এলাকাসমূহে তাদের কাজ সম্ভব করার জন্য অতি গুরুত্বপূর্ণ।"

সাফোক কাউন্টিতে তুষারঝড় সতর্কতা (Blizzard Warning) কার্যকর আছে এবং নাসাউ কাউন্টি, নিউ ইয়র্ক সিটি, পাটনাম, রকল্যান্ড এবং ওয়েস্টচেস্টার এলাকায় একটি শীতকালীন ঝড় সতর্কতা (Winter Storm Warning) জারি আছে। জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) আবহাওয়াবিদরা পরামর্শ দিয়েছেন যে ঝড়ের সঠিক গতিপথ নিয়ে এখনো কিছু সংশয় রয়েছে এবং ভবিষ্যৎ পূর্বাভাসগুলিতে মোট তুষারপাতের পরিমাণ বদল হতে পারে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শসমূহের পূর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। এলাকাগুলোতে ঝড়ো আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো প্রয়োজন, যেমন পাম্প, চেইন, স্যান্ডব্যাগ, জেনারেটর, কট, কম্বল, ও বোতলজাত পানি, ইত্যাদির চাহিদা পূরণে সহায়তার জন্য স্টেটের সংস্থানগুলোর মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) স্টেটব্যাপী 3,400-র বেশি সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত আছে। এছাড়াও ডিপার্টমেন্ট আজকে সন্ধ্যায় লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে এবং পার্কওয়েতে ঘণ্টায় 45 মাইল গতির উপদেশ জারি করেছে, এবং শুধু লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের ডানদিকের লেনে ট্রাক বন্ধ করেছে। এই গতির উপদেশকে সমর্থন করবে লং আইল্যান্ড রাস্তাজুড়ে থাকা ভ্যারিয়েবল মেসেজ সাইনসমূহ।

অতি গুরুত্বপূর্ণ এলাকায় তুষার ও বরফ কর্মকাণ্ড সমর্থনের জন্য 70 জন প্লাও ট্রাক অপারেটর, দশজন সুপারভাইজার, ছয়জন সঙ্কেত মেকানিক, চারজন মেকানিক, তিনজন সহকারী আঞ্চলিক প্রকৌশলী (Assistant Regional Engineers), একজন নিরাপত্তা কর্মকর্তা এবং দুইটি মেকানিক পরিষেবা ট্রাকসহ মোট 94 জন কর্মীকে লং আইল্যান্ড অঞ্চলে নিম্নরূপে নিযুক্ত করা হয়েছে:

- সিওসেট পাচ্ছে মোহক ভ্যালি থেকে 10 জন অপারেটর এবং একজন সুপারভাইজার
- গার্ডেন সিটি ক্যাপিটাল রিজিওন থেকে পাচ্ছে 8 জন অপারেটর এবং একজন সহকারী আঞ্চলিক প্রকৌশলী
- রিভারহেড পাচ্ছে ফিঙ্গার লেকস থেকে 10 জন অপারেটর এবং 2 জন সুপারভাইজার এবং নর্থ কান্ট্রি থেকে 6 জন অপারেটর এবং একজন সুপারভাইজার
- সেন্ট্রাল আইস্লিপ পাচ্ছে সাউদার্ন টিয়ার থেকে 8 জন অপারেটর এবং 1 জন সুপারভাইজার এবং নর্থ কান্ট্রি থেকে 4 জন অপারেটর এবং 1 জন সুপারভাইজার
- মেলভিল পাচ্ছে মোহক ভ্যালি থেকে 10 জন অপারেটর এবং 2 জন সুপারভাইজার
- নর্থ মেরিক পাচ্ছে সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 8 জন অপারেটর এবং 2 জন সুপারভাইজার এবং ক্যাপিটাল রিজিওন থেকে 4 জন অপারেটর
- ব্যাবিলন পাচ্ছে সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 2 জন অপারেটর এবং 1 জন সহকারী আঞ্চলিক প্রকৌশলী এবং ক্যাপিটাল রিজিওন থেকে 1 জন সহকারী আঞ্চলিক প্রকৌশলী
- লং আইল্যান্ড ফ্লিট ম্যানেজমেন্ট পাচ্ছে মোহক ভ্যালি থেকে 2 জন মেকানিক এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 2 জন মেকানিক
- ফিঙ্গার লেকসের একজন নিরাপত্তা কর্মকর্তা লং আইল্যান্ডে নিযুক্ত থাকবে, একইসাথে ক্যাপিটাল রিজিওনের 2 জন সঙ্কেত মেকানিক, মোহক ভ্যালির 2 জন সঙ্কেত মেকানিক, এবং সাউদার্ন টিয়ারের 2 জন সঙ্কেত মেকানিকও নিযুক্ত থাকবে।
- চিপার এবং গাছ কর্মীরা রাস্তা থেকে ভেঙ্গে পড়া গাছ পরিষ্কার করতে প্রয়োজনমত নিযুক্ত হবে এবং পুরো ঘটনার চলাকালীন সময়ে অতিরিক্ত সংস্থানের প্রয়োজন ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হতে থাকবে।

সংঘর্ষ দ্রুত সামাল দিতে সিওসেট, রিভারহেড, মেডফোর্ড, হ্যাম্পটন বে, সেন্ট্রাল আইস্লিপ, মেলভিল এবং নর্থ মেরিকে টো ট্রাক উপস্থিত থাকবে।

সকল উপলভ্য তুষার ও বরফ সরঞ্জাম নিযুক্ত করার জন্য প্রস্তুত থাকবে এবং এই ঘটনা চলাকালীন পুরো সময় সকল আবাসিক এলাকায় 24/7 কর্মী নিযুক্ত থাকবে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান প্রধান আবাসিক এলাকায় মেরামত কাজ ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে।

স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যার তালিকা নিচে দেওয়া হলো:

- 1,596টি বড় প্লাও ট্রাক
- 143টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 51টি টো প্লাউ
- 322টি বিশাল লোডার
- 38টি স্নো ব্লোয়ার

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 681 জন অপারেটর ও সুপারভাইজার সাড়াদানের জন্য প্রস্তুত আছে।

স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যার তালিকা নিচে দেওয়া হলো:

- 252টি বড় প্লাও ট্রাক
- 112টি মিডিয়াম ডিউটি প্লাও
- 11টি টো প্লাও
- 67টি বড় লোডার

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে এখানে তথ্য প্রদান করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল উপলভ্য সম্পদ যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিরাপত্তা সতর্কতা হিসেবে লং আইল্যান্ডের সকল স্টেট পার্ক শনিবার সকালে অস্থায়ীভাবে বন্ধ করা হবে। পার্কের দর্শনার্থীদের parks.ny.gov এ নজর রাখা উচিত বা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে ফোন করা উচিত। নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। করাত কর্মীরা জরুরি সাড়াদানে সহায়তার জন্য প্রস্তুত আছে

জনসেবা বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 5,550 জন শ্রমিক রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ
স্টেট পুলিশ ঝড়ে সর্বাধিক ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে অতিরিক্ত টহল যোগ করছে, এবং প্রয়োজনমত অতিরিক্ত ট্রুপার নিয়োগের জন্য প্রস্তুত আছে। সস্টেট পুলিশের সব চার-চাকার যান এবং বিশেষায়িত যানবাহন অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি
নিরাপদ, নির্ভরযোগ্য পরিষেবা নিশ্চিত করার জন্য MTA নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। ঝড় চলাকালীন সময়ে লবণ ছিটানো, যেসব প্ল্যাটফর্ম ও সিঁড়িতে বরফ রয়েছে সেগুলো পরিষ্কার রাখা, এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখা, ট্র্যাকের উপর পড়ে থাকা গাছপালা সরানো, এবং আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলার জন্য MTA কর্মীরা নিয়োজিত থাকবেন।

আগামীকাল, নিউ ইয়র্ক সিটি সাবওয়ে এবং বাস, এবং মেট্রো-নর্থ রেলরোড স্বাভাবিক সপ্তাহান্তের সময়সূচি অনুযায়ী চলবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। শনিবার পুরো নিউ ইয়র্ক সিটিতেই আর্টিকুলেটেড বাস সেবা প্রদান করবে না এবং সেই স্থানে 40-ফুট সাধারণ বাস

থাকবে। সেই সকল সাধারণ বাসের সাথে চেইন লাগানো থাকবে। MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) মোটরযান চালকদের বরফে ঢাকা সড়কপথে গাড়ি চালানোর সময় সতর্কতা অবলম্বন করতে এবং গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দিচ্ছে।

MTA লং আইল্যান্ড রেল রোডে সম্ভাব্য প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

বন্দর কর্তৃপক্ষ (Port Authority, PA) আবহাওয়া পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং নরইস্টার ও উল্লেখযোগ্য তুষারপাতের প্রস্তুতির জন্য এর সকল ফ্যাসিলিটিতে কর্মী ও সরঞ্জামের ব্যবস্থা করেছে। জমে যাওয়া তুষার পুরো অঞ্চলে বিলম্ব ও বাতিলের ঘটনা ঘটাবে বলে আশঙ্কা করা যাচ্ছে। বন্দর কর্তৃপক্ষের ফ্যাসিলিটিগুলিতে তুষার অপসারণের ব্যবস্থা করার জন্য, এজেন্সির কাছে 480টির বেশি সরঞ্জাম ও যন্ত্র রয়েছে যেমন উচ্চ গতির স্নো ব্লোয়ার, রানওয়ে প্লাও, এবং ডিআইসার। ব্রিজ, এবং একইসাথে ক্রসিং থেকে ও ক্রসিং পর্যন্ত রাস্তায় গতির ঊর্ধ্বসীমা সীমিত করা হতে পারে।

বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথোরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট-এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন রাইড পাথ (RidePATH) যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

শীতকালীন ভ্রমণ

শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা।

গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।

গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে।

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- সড়কপথে পড়ে থাকা ভেজা পাতার ফলে পিচ্ছিল অবস্থা তৈরি হতে পারে, তাই পাতার স্তুপগুলো অতিক্রম করার সময় অপেক্ষাকৃত ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনার গাড়িতে কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- গ্যাসোলিন জমে যাওয়া প্রতিরোধ করতে আপনার গ্যাস ট্যাঙ্ক পূর্ণ রাখুন।
- যদি আপনার ব্যবহারের জন্য সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- আপনার ভ্রমণ পরিকল্পনা সম্পর্কে অন্য কাউকে জানিয়ে রাখতে ভুলবেন না।
- গাড়ি চালানোর সময়, যানবাহনগুলো বরফ ও তুষার থেকে দূরে রাখুন।
- থামার বিষয়টি পরিকল্পনায় রাখুন এবং গাড়িগুলোর মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

বিদ্যুৎ বিভ্রাট

বিদ্যুৎ বিভ্রাট হলে নিউইয়র্কবাসীদের উচিৎ:

- এই ডিভাইসগুলিকে ক্ষতি করতে পারে এমন ক্ষণস্থায়ী শক্তির প্রবাহের ক্ষেত্রে প্রধান যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম, যেমন, কম্পিউটারগুলি বন্ধ করুন বা সংযোগ বিচ্ছিন্ন করুন। একটি আলো চালু রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন। আপনি যেখানে ইলেকট্রনিক সরঞ্জাম ব্যবহার করেন সেখানে সার্জ প্রোটেক্টর ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- আপনার ইউটিলিটি প্রদানকারীকে বিভ্রাটের বিষয়ে অবহিত করতে এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় সম্প্রচার শুনতে কল করুন। ইউটিলিটি সংস্থাগুলোর একটি তালিকা পেতে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসে ভিজিট করুন।
- আপনার প্রতিবেশীদের বিদ্যুৎ আছে কিনা তা দেখুন। অ্যাক্সেস বা কার্যকরী প্রয়োজন আছে এমন লোকেদের খবর নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারের দরজা বন্ধ রাখুন - বেশিরভাগ খাবার যেগুলির হিমায়নের প্রয়োজন সেগুলি একটি বন্ধ রেফ্রিজারেটরে কিছু ঘন্টার জন্য নিরাপদে রাখা যেতে পারে। একটি না খোলা রেফ্রিজারেটর প্রায় চার (4) ঘন্টার জন্য খাবারকে ঠান্ডা রাখবে। একটি সম্পূর্ণ ফ্রিজার তাপমাত্রাকে প্রায় 48 ঘন্টা ধরে রাখবে।
- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- ঠান্ডা আবহাওয়ায়, স্তরে স্তরে পোশাক পরে এবং বাইরে কাটানো সময় কমিয়ে উষ্ণ থাকুন। ঠান্ডা চাপের উপসর্গ (অর্থাৎ, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং উপসর্গ দেখা দিলে যথাযথ চিকিৎসা করান।
- আপনি যদি একটি উঁচু ভবনে থাকেন, তাহলে সিঁড়ি দিয়ে বিল্ডিংয়ের সর্বনিম্ন তলায় যান। লিফটে আটকে পরে থাকলে সাহায্যের জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন - অনেক বাতাস রয়েছে এবং লিফটের ভিতরটি যাত্রীদের সুরক্ষার জন্য তৈরি করা হয়েছে।
- আপনার পোষা প্রাণীদের জন্য তাজা, শীতল জল প্রদান করার কথা মনে রাখুন।
- নিষ্প্রয়োজন যাতায়াত করবেন না, বিশেষ করে গাড়িতে। বিভ্রাটের সময় ট্র্যাফিক সিগন্যালগুলি কাজ করবে না, যার ফলে যানজট এবং বিপজ্জনক গাড়ি চালানোর অবস্থা তৈরি হবে। আপনাকে যদি ব্ল্যাকআউটের সময় গাড়ি চালাতেই হয়, 4-ওয়ে স্টপ নিয়ম মেনে কলার কথা মনে রাখুন কাজ-না-করা ট্র্যাফিক সিগন্যাল সহ মোড়গুলিতে।
- স্বয়ংক্রিয় টেলার মেশিনগুলির (ATM) মোট সরঞ্জাম এবং লিফটগুলি হয়তো কাজ করবে না।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজদেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন